# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৫৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪৯. কুরআন তিলাওয়াতের সওয়াব প্রসঙ্গে

باب فِي ثَوَابِ قِرَاءَةِ الْقُرْآنِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَمْرِو بْنِ السَّرْحِ، أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي يَحْيَى بْنُ أَيُّوبَ، عَنْ زَبَّانَ بْنِ فَائِدٍ، عَنْ سَهْلِ بْنِ مُعَاذٍ الْجُهَنِيِّ، عَنْ أَبِيهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَرَأَ الْقُرْآنَ وَعَمِلَ بِمَا فِيهِ أُلْبِسَ وَالِدَاهُ تَاجًا يَوْمَ الْقِيَامَةِ، ضَوْؤُهُ أَحْسَنُ مِنْ ضَوْءِ الشَّمْسِ فِي بُيُوتِ الدُّنْيَا لَوْ كَانَتْ فِيكُمْ، فَمَا ظَنُّكُمْ بِالَّذِي عَمِلَ بِهَذَا " .

ـ ضعيف

বাংলা

১৪৫৩। সাহল ইবনু মু’আয আল-জুহানী (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কুরআন পাঠ করে এবং তদনুযায়ী আমল করে, ক্বিয়ামতের দিন তার পিতা-মাতাকে এমন মুকুট পরানো হবে যার আলো সূর্যের আলোর চাইতেও উজ্জল হবে। ধরে নাও, যদি সূর্য তোমাদের ঘরে বিদ্যমান থাকে (তাহলে তার আলো কিরূপ হবে?)। তাহলে যে ব্যক্তি কুরআন অনুযায়ী আমল করে তার ব্যাপারটি কেমন হবে, তোমরা কি তা ধারণা করতে পার![1]

দুর্বল।

## English

Mu'adh al-Juhani reported the Messenger of Allah (ﷺ) as saying:
If anyone recites the Qur'an and acts according to its content, on the Day of Judgement his parents will be given to wear a crown whose light is better than the light of the sun in the dwellings of this world if it were among you. So what do you think of him who acts according to this ?

## ফুটনোট

[1] আহমাদ (৩/৪৪০) যাববান ইবনু ফায়িদ হতে। এর সানাদ দুর্বল। সনদের যাববান ইবনু ফায়িদ সম্পর্কে হাফিয ইবনু হাজার ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেন : তিনি সৎ এবং ‘ইবাদাতগুজারী হওয়া সত্ত্বেও যঈফ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ সাহল ইবনু মু‘আয (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58771

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন